# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৬৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

بَابُ الشَّفَقَةِ وَالرَّحْمَةِ عَلَى الْخَلْقِ

আরবী

وَعَن
تَمِيم الدَّارِيّ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الدِّينُ النَّصِيحَةُ» ثَلَاثًا. قُلْنَا: لِمَنْ؟ قَالَ: «لِلَّهِ وَلِكِتَابِهِ وَلِرَسُولِهِ وَلِأَئِمَّةِ الْمُسْلِمِينَ وَعَامَّتِهِمْ» . رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৪৯৬৬-[২০] তামীম আদ্ দারী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিনবার বললেনঃ দীন হলো সহমর্মিতা বা কল্যাণ কামনা। আমরা জিজ্ঞেস করলামঃ কার জন্য সহমর্মিতা? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আল্লাহ তা’আলার জন্য, তাঁর কিতাবের জন্য, তাঁর রসূল-এর জন্য, মুসলিমদের নেতার জন্য এবং সর্বসাধারণ মুসলিমের জন্য। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৯৫-(৫৫), নাসায়ী ৪২০০, তিরমিযী ১৯২৬, আবূ দাঊদ ৪৯৪৪, ইরওয় ২৬, গয়াতুল মারাম ৩৩২, সহীহুল জামি‘ ১৬১০, সহীহ আত্ তারগীব ২৩১৫, মা‘রিফাতুস্ সনান ওয়াল আসার লিল বায়হাক্বী ১০৩, মুসনাদুশ্ শাফি‘ঈ ১১৫২, আহমাদ ১৬৯৪০, আবূ ইয়া‘লা ২৩৭২, সহীহ ইবনু হিব্বান ৪৫৭৫, শু‘আবুল ঈমান ৫২৬৫, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৭৮২০, দারিমী ২৭৫৪, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১২৫১, আল মু‘জামুল আওসাত্ব ১১৮৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৭০৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ইমাম আবূ সুলায়মান আল খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) অত্র হাদীসের ব্যাখ্যায় বলেনঃ ‘নাসীহাত’ শব্দটি ব্যাপক অর্থবোধক আরবী শব্দ, এর অর্থ হচ্ছে যার জন্য উপদেশ দেয়া হবে তার জন্য সর্বময় কল্যাণ কামনা করা। আরবী ভাষাতে এমন কোন শব্দ নেই যে, শব্দটি একক শব্দ হওয়া সত্ত্বেও এত বেশী অর্থবোধক হয়ে থাকে।

আল্লাহর জন্য নাসীহাতের অর্থ হলো তার প্রতি ঈমান নিয়ে আসা। তার সাথে অংশীদার স্থাপন না করা এবং তার গুণাগুণে বিকৃত সাধন না করা। আর আল্লাহ রববুল ‘আলামীনকে সকল প্রকার অসম্পূর্ণতা থেকে মুক্ত ঘোষণা করা। তার অনুগত হওয়া, অবাধ্যতা থেকে বিরত থাকা। তার কারণেই কাউকে ভালোবাসা, তার কারণে কারও সাথে ভালোবাসার সম্পর্ক ছিন্ন করা। (শারহুন নাবাবী ২য় খন্ড, হাঃ ৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ তামীম আদ্ দারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75690

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন